বিশুদ্ধ

আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ

পাইবার

বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়,
বি-এ, কবিরত্ন।

ঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১লা শ্রাবণ বুধবার ১৩৫৩ ইংরাজী 17th July. 1946 { ১০ম সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৫৪** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাণ্ডো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাণ্ডো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।**

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য **"হিন্দুস্থানের"** কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**নূতন বীমা—১৯৪৫**
**১২ কোটী টাকার উপর**

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১লা শ্রাবণ বুধবার সন ১৩৫৩ সাল

## খাদ্যশস্য নিয়ন্ত্রণ আদেশ পালন করাইবার জন্য গভর্ণমেণ্টের কড়া ব্যবস্থা

১৯৪৫ সালের বঙ্গীয় খাদ্যশস্য নিয়ন্ত্রণ আদেশ অমান্য-জনিত দুইটি অপরাধের প্রতি গভর্ণমেণ্টের মনোযোগ আকৃষ্ট হইয়াছে। প্রথমতঃ যে সকল উৎপাদক এককালে ২৫ একর বা তদপেক্ষা অধিক পরিমাণ জমিতে ধান চাষ করে তাহারা আইনতঃ লাইসেন্স লইতে বাধ্য থাকিলেও সব সময় লাইসেন্স গ্রহণ করে না। দ্বিতীয়তঃ যে সকল উৎপাদক উক্ত আদেশানুযায়ী লাইসেন্স গ্রহণ করে, তাহারা সকল সময় নির্দ্ধারিত তারিখের মধ্যে তাহাদের মওজুদ শস্যের হিসাব বেসামরিক সরবরাহ বিভাগের মহকুমা কন্‌ট্রোলারের নিকট দাখিল করে না।

উভয়ই গুরু অপরাধ। ১৯৪৫ সালের বঙ্গীয় খাদ্য-শস্য নিয়ন্ত্রণ আদেশ অনুযায়ী ধান্য উৎপাদকগণকে ১৯৪৬ সালের ৩১শে জুলাই তারিখের মধ্যে লাইসেন্স গ্রহণ করিতে হইবে; অন্যথায় শাস্তিস্বরূপ গভর্ণমেণ্ট অতি অল্প মূল্য দিয়া তাহাদের মওজুদ শস্য দখল করিতে পারেন। যে সকল উৎপাদকের লাইসেন্স আছে, তাহা-দিগকেও উক্ত আদেশানুসারে তাহাদের মওজুদ শস্যের হিসাব দাখিল করিতে হইবে; ইহার ব্যতিক্রম হইলে, তাহাদের বিরুদ্ধে গভর্ণমেণ্ট বিহিত ব্যবস্থা অবলম্বন করিবেন।

স্মরণ রাখা দরকার যে, শস্য উৎপাদকের মওজুদ শস্য বাজেয়াপ্ত করা বা অন্য কোনরূপ উৎপীড়ন করার উদ্দেশ্যে লাইসেন্স লইবার বা মওজুদ শস্যের হিসাব দাখিল করিবার বিধান করা হয় নাই। প্রদেশের কোন্ কোন্ স্থানে উদ্বৃত্ত চাউল ও ধান্য আছে তাহা জানিয়া লইয়া গভর্ণ-মেণ্ট যাহাতে খাদক বিশেষতঃ দরিদ্রশ্রেণীর নিকট প্রয়োজন বোধে ন্যায্য মূল্যে খাদ্যশস্য বিক্রয় করিতে পারেন, তজ্জন্য বিশদ বিবরণ সংগ্রহের প্রয়োজন আছে বলিয়াই উল্লিখিত বিধান করা হইয়াছে। অধিক উৎপাদন-কারীরা যদি লাইসেন্স গ্রহণ না করে এবং তাহাদের মওজুদ শস্য সম্বন্ধে সঠিক হিসাব দাখিল না করে, তবে তাহারা সমাজের স্বার্থবিরোধী কার্য্য করার অপরাধে অপরাধী হইবে। এই প্রকার আইন লঙ্ঘন গভর্ণমেণ্ট কর্ত্তৃক উপেক্ষিত হইবে না। ৩১শে জুলাইয়ের পর আইন অমান্যকারীদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হইবে।

গভর্ণমেণ্ট আশা করেন যে, খাদ্য কমিটী প্রভৃতি স্থানীয় প্রতিষ্ঠান অধিক উৎপাদনকারীদের বুঝাইয়া দিবেন যে এই আইন পালন করিলে জনসমাজ বিশেষতঃ প্রদেশের দরিদ্র শ্রেণী সবিশেষ উপকৃত হইবে।

---

## ম্যাট্রিকুলেশন পরীক্ষোত্তীর্ণ প্রথম দশজন ছাত্রের নাম

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের গত ম্যাট্রিকুলেশন পরীক্ষায় নিম্নলিখিত পরীক্ষার্থীগণ প্রথম দশটি স্থান অধিকার করি-য়াছে,—

১ম। সুধীরকুমার গাঙ্গুলী, পিরোজপুর গবর্ণমেণ্ট হাই স্কুল।

২য়। ব্রজমোহন মন্ত্রী, কালিম্পং এস, ইউ, এম,: ইন্‌ষ্টিটিউশন্।

৩য়। প্রবীরকুমার সেনগুপ্ত, পাবনা জি, সি, ইন্‌ষ্টিটিউশন।

৪র্থ। রামেন্দ্রকুমার পোদ্দার, দুপচাঁচিয়া এইচ, ই, স্কুল, বগুড়া।

৫ম। অমলকুমার চক্রবর্ত্তী, ঝালকাটি গবরমেণ্ট এইচ, ই, স্কুল।

৬ষ্ঠ। অমলেন্দুজ্যোতি মজুমদার, পাবনা জি, সি, ইন্‌ষ্টিটিউশন।

৭ম। রণজিৎকুমার তালুকদার, বড়পেটা হাই স্কুল।

৮ম। সদানন্দ দাস, কুমিল্লা ঈশ্বর পাঠশালা।

৯ম। অমিয়কুমার ভট্টাচার্য্য, দার্জ্জিলিং গবরমেণ্ট হাই স্কুল।

১০। অনাদিনাথ দাঁ, স্কটিশ চার্চ্চ কলেজিয়েট স্কুল।

এইরূপ জানা গিয়াছে যে, কলিকাতার ভিক্টোরিয়া ইন্‌ষ্টিটিউশনের ছাত্রী গৌরী সেনগুপ্তা মেয়েদের মধ্যে সর্ব্বোচ্চ স্থান অধিকার করিয়াছেন।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৩ই আগষ্ট ১৯৪৬

১৯৪৬ সালের ডিক্রীজারী

৪৮৩ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিমিটেড দেং জগন্নাথ দাস দাবি ৭৯ থানা সুতী মৌজে নিজবাহাদুরপুর ॥०। জমির কাত ॥৩ আঃ ৪৲

৪৯০ থাং ডিঃ ঐ দেং গৌরবিনী দাসী দাবি ১৩॥/৩ মৌজাদি ঐ ২২ শতকের কাত ১৶৯ আঃ ৫৲

৪৮৪ থাং ডিঃ ঐ দেং মহেন্দ্রনাথ চৌবে দাবি ৫২।० মৌজাদি ঐ ৪৸১॥० জমির কাত ৭৶৬ আঃ ৪১৲

৪৮৫ থাং ডিঃ ঐ দেং সতীশচন্দ্র মণ্ডল দাবি ৬০৸० থানা ঐ মৌজে আরাজি রমা-কান্তপুর ২-৫৮ শতকের কাত ১১।৶৩ আঃ ১০৲

৪৮৬ থাং ডিঃ ঐ দেং মোকসোদ সেখ দিং দাবি ২০/০ থানা ঐ মৌজে ইসলামপুর ৬২ শতকের কাত ২॥৵৯ আঃ ১১৲

৪৮৮ থাং ডিঃ ঐ দেং খুদিরাম দাস দিং দাবি ২৯।/০ মৌজাদি ঐ ৩/৪ জমির কাত ৪৲ আঃ ২১৲

৪৮৭ থাং ডিঃ ঐ দেং বংশীধর দাস দাবি ১১৻৬ থানা ঐ মৌজে চাঁদামারী ২৫ শতকের কাত ১৻৯ আঃ ৫৲

৪৮৯ থাং ডিঃ ঐ দেং নোথুমুদ্দিন বিশ্বাস দাবি ৪৯৸৶৬ মৌজাদি ঐ ২-৯৩ শতকের কাত ৯॥৶৩ আঃ ৪৫৲

৪৯১ থাং ডিঃ ঐ দেং নেকিতুল্লা মণ্ডল দাবি ১০৸/০ থানা ঐ মৌজে নয়াবাহাদুরপুর ৸৪॥० জমির কাত ১৲ আঃ ৭৲

৪৯২ থাং ডিঃ সেঃ শিবকিঙ্কর শর্ম্মা মহান্ত

দেং ঝড়ুলাল দাস দিং দাবি ১২৶৩ থানা সুতী মৌজে আমুহা ১-৩৪ শতকের কাত ১৸৹ আঃ ১০৲ থং ৭

৪৯৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭৸৩ মৌজাদি ঐ ৬৭ শতকের কাত ৸৶৹ আঃ ৫৲ থং ৬

৪৯৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৷৩ মৌজাদি ঐ ৫৷৹ শতকের কাত ৵৭৷৹ আঃ ২৲ থং ৮

৪৪০ থাং ডিঃ নৃপেন্দ্রনারায়ণ বসু সর্ব্বাধিকারী দেং মিছু মণ্ডল দিং দাবি ৩৩৷৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেথালিপুর ২-১০ শতকের কাত ৪৷৵৭৷৹ আঃ ২০৲ থং ৮৪৮

রায়ত স্থিতিবান

২৫৪ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং ইন্দ্রচন্দ্র সিংহ দাবি ১০৷৶৬ থানা সুতী মৌজে বংশবাটী ৭৬ শতকের সেস ৷১৫ আঃ ৩৲ থং ১৬৬২

৩৪২ থাং ডিঃ হেমন্তকুমার রায় দিং দেং শচীন্দ্রনাথ অধিকারী দিং দাবি ২৪৵৯ থানা সুতী মৌজে পারুলিয়া ১-৮৪ শতকের কাত ৪৷৴৫ আঃ ১০৲ থং ২২৪

৩৪৩ থাং ডিঃ ঐ দেং তিনকড়ি দাস দাবি ১৮৸৬ মৌজাদি ঐ ১·২৬ শতকের কাত ৩৶১৯ আঃ ১০৲ থং ২০৪

৩৭৬ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং তিনকড়ি সিংহ দাবি ২৭৷৶৯ থানা সুতী মৌজে রেঞ্চাপুর ৪৭ শতকের কাত ৪৷৷১৫ আঃ ১৫৲ থং ৫৭

৪১২ থাং ডিঃ ঐ দেং গোবিন্দচন্দ্র দাস দাবি ৩৭৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে মহাম্মদপুর ১-৩৬ শতকের কাত ৫৲ আঃ ১০৲ থং ১৫৫

১৭৬ থাং ডিঃ মহারাজকুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং আবদুল জলিল মোল্লা দিং দাবি ১২/৬ থানা সুতী মৌজে নিজ সুরপুর ৩৩ শতকের কাত ১৲ আঃ ২০৲ থং ২৪২৫, ৪১১ ২নং লাট ১-৬ শতকের কাত ৩৫ আঃ ৬০৲

( পর পৃষ্ঠায় দেখুন)

# বুভুক্ষিতঃ কিং ন করোত্যকার্য্যং !



প্রশ্ন—দেখছো মোদের দেশটা ক্রমে উঠছে কত উচ্চে ?
উত্তর—আজ্ঞে, আগে রুচতো না যা' এখন সেটা রুচ্ছে।
প্রশ্ন—কোন্‌টা প্রবল—বল্‌তে পারো,—ব্যষ্টি না সমষ্টি ?
উত্তর—চেয়ে দেখুন—ঐ যে মশা'য় মানুষ কষা কষ্টি।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৩ই আগষ্ট ১৯৪৬

১৯৪৬ সালের ডিক্রীজারী

২৪৯ থাং ডিঃ মহারাজ কুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং হরেন্দ্রনারায়ণ দাস দিং দাবি ১০৬৸৵৯ থানা সুতী মৌজে নুরপুর ৩১।০।০ জমির কাত ১৩৶০ আঃ ৮০৲ খং ৯১৯

৩৩৪ থাং ডিঃ ঐ দেং কালু মণ্ডল দিং দাবি ৪৩।৬ থানা ঐ মৌজে ডিক্রীপ্রাপ্ত নারায়ণপুর ৮/৫ জমির কাত ৯৯ আঃ ৩০৲ খং ১১২

৩৮৬ থাং ডিঃ ঐ দেং আইয়ুব আলি মণ্ডল দিং দাবি ১৯।৶৯ মৌজাদি ঐ ৩।১।০ জমির কাত ৩৵০ আঃ ১০৲ খং ১১২

৩৩৬ থাং ডিঃ ঐ দেং মুন্সী মণ্ডল দাবি ২৯।৫ থানা ঐ মৌজে নারায়ণপুর ৫/০ জমির কাত ৫৷৵০ আঃ ২০৲ খং ১১২

৩২৫ থাং ডিঃ ঐ দেং নুরমহম্মদ খাঁ দিং দাবি ৩৫৷০ থানা ঐ মৌজে রতনপুর ৩৷১৷ জমির কাত ৪৩ আঃ ২০৲ খং ১১২

১৯৬ থাং ডিঃ ঐ দেং মহাতাবুদ্দিন মিঞা দাবি ২৫৪৷৶৬ থানা ঐ মৌজে জোহরপুর ১৫১৷৩৷ জমির কাত ৪৮৷৵৯ আঃ ২৪০৲ খং ১৬৯৪

৩৭২ থাং ডিঃ কমলারঞ্জন ধর দিং দেং তারাপ্রসন্ন চট্টোপাধ্যায় দাবি ১৩৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে পশই ৫৫ শতকের কাত ১৷০ আঃ ১০৲ খং ৩৪২ স্থিতিবান স্বত্ব


৩৭৩ থাং ডিঃ ঐ দেং আব্বাস আলি বিশ্বাস দাবি ১৫৷৶০ মৌজাদি ঐ ২৯ শতকের কাত ২৲ আঃ ১৫৲ খং ৩৩১

৩৭৭ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং আলাবকস মোমিন দাবি ২৭।০ থানা সুতী মৌজে শঙ্করপুর ৮২ শতকের কাত ৪৲১০ আঃ ১৫৲ খং ২০

২৯৯ থাং ডিঃ মন্মথনাথ ভট্টাচার্য্য দেং জানকী দাস্যা দাবি ৬৫৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ১৬ শতকের কাত ১৲ নিজাংশে ৵১৩— আঃ ৫৲ খং ৭৮৮

১৫৮ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং লালমহম্মদ সেখ দাবি ১৯৫৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজা, জমি, জমা, আঃ ও খং নং দেওয়া নাই

---





## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস

"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত